

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৪২

১/ বিবিধ

আরবী

السواك يزيد الرجل فصاحة

موضوع

ابن عدي في " الكامل " (2 / 388) والخطيب في " تلخيص المتشابه " (2 / 147) من طريق أبي يعلى: أخبرنا محمد بن بحر: أخبرنا المعلى بن ميمون أخبرنا عمرو بن داود عن سنان بن سنان عن أبي هريرة مرفوعا. ورواه العقيلي في " الضعفاء " (277) وأبو بكر الختلي في " جزء من حديثه " (2 / 44) وأبو سعيد بن الأعرابي في " المعجم " (1 / 122) وعنه القضاعي (1 / 13) والديلمي (2 / 222) من طريق أخرى عن المعلى به. وقال العقيلي: " روى عن سنان بن أبي سنان، كلاهما مجهول، والحديث معلول

وأورده ابن عدي في ترجمة المعلى، وساق له حديثين آخرين يأتيان بعده، ثم قال: " وله غير ما ذكرت وكلها غير محفوظة، مناكير ". وفي " الكشف ": " قال الصغاني: وضعه ظاهر، وقال ابن الجوزي: لا أصل له

বাংলা

৬৪২ মিসওয়াক ব্যক্তির বাকপটুতা বৃদ্ধি করে।

হাদীছটি জাল।

এটি ইবনু আদী "আল-কামিল" (২/৩৮৮) গ্রন্থে, আল-খাতীব "তালখীসুল মুতাশাবেহ" (২/১৪৭) গ্রন্থে আবু ইয়াল্লা

সূত্রে মুহাম্মাদ ইবনু বাহর হতে তিনি মুয়াত্তা ইবনু মায়মূন হতে তিনি আমর ইবনু দাউদ হতে ... বর্ণনা করেছেন।

উকায়লী "আয-যোয়াফা" (২৭৭) গ্রন্থে, আবু বাকর আল-খাতালী "জুয়উম মিন হাদীছ" (২/৪৪) গ্রন্থে, আবু সাঈদ ইবনুল আ'রাবী "আল-মুজাম" (১/১২২) গ্রন্থে, তার থেকে কাযাঈ (১/১৩) এবং দাইলামী (২/২২২) অন্য সূত্রে মুয়াত্তা হতে বর্ণনা করেছেন। উকায়লী বলেনঃ তিনি (মুয়াত্তা) সিনান ইবনু আবী সিনান হতে বর্ণনা করেছেন, তারা উভয়েই মাজহুল। হাদীছটি ক্রটিযুক্ত।

ইবনু আদী মুয়াত্তার জীবনী আলোচনা করতে গিয়ে হাদীছটি উল্লেখ করেছেন। তিনি তার আরো দু'টি হাদীছ উল্লেখ করার পর বলেছেনঃ উল্লেখিত হাদীছ ছাড়াও তার থেকে বর্ণিত আরো হাদীছ রয়েছে, সেগুলো নিরাপদ নয়। বরং সেগুলো মুনকার। "আল-কাশফ" গ্রন্থে এসেছে, সাগানী বলেনঃ হাদীছটির জাল হওয়াটা সুস্পষ্ট। ইবনুল জাওয়ী বলেনঃ এটির কোন ভিত্তি নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71521>

📌 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন